যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
যশোর ৭৪০৮, বাংলাদেশ

স্মারক ন. যবিপ্রবি/রেজি./একা./১৫৭৪(১)/গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা (২০২১-২০২২)/২০২২-৪২৮২ তারিখ: ১২/১০/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা ২০২১ এ উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীরা https://admission.just.edu.bd – এ লিংকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আবেদন করবেন।

১। আবেদনের সময়সীমা: ১৭/১০/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২:০০টা হতে ২৭/১০/২০২২ খ্রি. তারিখ রাত ১১:৫৯টা পর্যন্ত।

২। প্রোগ্রামের মেয়াদ

(ক) ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান)

(খ) ০৫ (পাঁচ) বছর মেয়াদি বি. ফার্ম (প্রফেশনাল) ও ফিজিওথেরাপি অ্যান্ড রিহ্যাবিলিটেশন (প্রফেশনাল)

৩। আবেদন করার সাধারণ যোগ্যতা ও শর্তাবলী

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(খ) GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা ২০২১-এর A ইউনিটে উত্তীর্ণ প্রকৌশল ও প্রযুক্তি, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি, জীববিজ্ঞান ও প্রযুক্তি, বিজ্ঞান অনুষদ এবং স্বাস্থ্য বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহে (PESS বিভাগ ব্যতীত) ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে, যে কোনো ইউনিটে উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ কলা ও সামাজিক বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

(গ) GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট জিপিএ এবং বিভাগসমূহের নির্ধারিত শর্তসমূহের ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

(ঘ) English মিডিয়ামে "A" লেভেল এবং "O" লেভেল উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ক্ষেত্রে ৪ ক্রমিকের "অত্যাবশ্যকীয় শর্তাবলীতে" বর্ণিত ইংরেজি বিষয়ে ন্যূনতম নম্বর প্রাপ্তির শর্তটি প্রযোজ্য হবে না।

(ঙ) বিদেশি নাগরিকদেরকে এ বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল সার্ভিস সেন্টারের (ISC) মাধ্যমে আবেদন করতে হবে।

৪। অনুষদসমূহে ভর্তির অত্যাবশ্যকীয় শর্তাবলী

ইউনিট	অনুষদ	বিভাগ ও আসন সংখ্যা	অত্যাবশ্যকীয় শর্তাবলী
A	প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ (FET) বিভাগ: ০৭টি আসন: ২৪০টি	১. কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE) (৫০) ২. কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (ChE) (৪০) ৩. ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE) (৪০) ৪. পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME) (৩৫) ৫. ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) (৩৫) ৬. বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (BME) (২০) ৭. টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (TE) (২০)	ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৪.০০ সহ উভয় পরীক্ষায় মোট GPA ন্যূনতম ৮.২৫ থাকতে হবে। খ) এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয় থাকতে হবে। গ) ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে ন্যূনতম ৭ (সাত) নম্বর পেতে হবে। ঘ) BME বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান বিষয় থাকতে হবে।
	ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ (FAST) বিভাগ: ০৪টি আসন: ১৪০টি	১. এনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি (EST) (৪০) ২. নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি (NFT) (৪০) ৩. অ্যাগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি (APPT) (৪০) ৪. ক্লাইমেট অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট (CDM) (২০)	ক) EST ও APPT বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও গণিত বিষয়ে আলাদাভাবে পাস নম্বর থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে ন্যূনতম ১০(দশ) নম্বর পেতে হবে। খ) NFT বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে পাস নম্বর থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে ন্যূনতম ১০(দশ) নম্বর পেতে হবে। গ) CDM বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয়ে ন্যূনতম 'B' গ্রেড থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে ন্যূনতম ৫(পাঁচ) নম্বর পেতে হবে।
	জীববিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ (FBST) বিভাগ: ০৪টি আসন: ১৬০টি	১. মাইক্রোবায়োলজি (MB) (৪০) ২. ফিশারিজ অ্যান্ড মেরিন বায়োসায়েন্স (FMB) (৪০) ৩. জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি (GEBT) (৪০) ৪. ফার্মেসি (Pharm) (৪০)	ক) MB বিভাগের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৩.৫০ সহ উভয় পরীক্ষায় মোট GPA ন্যূনতম ৮.০ থাকতে হবে। FMB, GEBT এবং Pharm বিভাগের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৪.০০ সহ উভয় পরীক্ষায় মোট GPA ন্যূনতম ৮.০০ থাকতে হবে। খ) MB বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান, রসায়ন ও ইংরেজি বিষয়সমূহের প্রতিটিতে ন্যূনতম 'A-' গ্রেড থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়ন বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। ঘ) FMB বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে 'A-' ও জীববিজ্ঞান ও রসায়ন বিষয়সমূহের প্রতিটিতে ন্যূনতম 'A' গ্রেড থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। ঘ) GEBT বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয়ে পাস করতে হবে এবং জীববিজ্ঞান ও ইংরেজি বিষয়ে ন্যূনতম 'A' গ্রেড থাকতে হবে। ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়ন বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। ঙ) Pharm বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়ন বিষয়ে 'A', পদার্থবিজ্ঞানে 'A-' এবং ইংরেজি ও গণিত বিষয়ে 'B' গ্রেড থাকতে হবে। ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়ন বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।
	বিজ্ঞান অনুষদ (FS) বিভাগ: ০৩টি	১. পদার্থবিজ্ঞান (Phy) (৪০) ২. রসায়ন (Chem) (৪০) ৩. গণিত (Math) (৪০)	ক) Phy বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থবিজ্ঞান বিষয়ে 'B' গ্রেড থাকতে হবে। ভর্তি পরীক্ষায় পদার্থবিজ্ঞান বিষয়ে ন্যূনতম ১০(দশ) নম্বর এবং গণিত বিষয়ে ন্যূনতম ৫(পাঁচ) নম্বর পেতে হবে। খ) Chem বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয় থাকতে হবে

ইউনিট	অনুষদ	বিভাগ ও আসন সংখ্যা	অত্যাবশ্যকীয় শর্তাবলী
	আসন: ১২০টি		এবং সংশ্লিষ্ট বিষয়ে 'B' গ্রেড থাকতে হবে। ভর্তি পরীক্ষায় রসায়ন বিষয়ে ন্যূনতম ১০(দশ) নম্বর এবং গণিত বিষয়ে ন্যূনতম ৫(পাঁচ) নম্বর পেতে হবে। গ) গণিত বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয়ে 'B' গ্রেড থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে ন্যূনতম ৬(ছয়)) নম্বর পেতে হবে।
	স্বাস্থ্যবিজ্ঞান অনুষদ (FHS) বিভাগ: ০২টি আসন: ৪০টি	১. ফিজিওথেরাপি অ্যান্ড রিহ্যাবিলিটেশন (PTR) (২০) ২. নার্সিং অ্যান্ড হেল্থ সায়েন্স (NHS) (২০)	ক) ভর্তি পরীক্ষায় Biology বিষয়ে ন্যূনতম ১০ (দশ) নম্বর পেতে হবে।
B	কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ (FASS) বিভাগ: ০১টি আসন: ৫০টি	১. ইংরেজি (Eng) (৫০) আসন বন্টন : এইচএসসি পর্যায়ে মানবিক বিভাগের জন্য ৩০টি, বিজ্ঞান বিভাগের জন্য ১০টি এবং ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য ১০টি আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে মানবিক বিভাগ থেকে সে আসন পূরণ করা হবে।	ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ফলাফলে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং একত্রে ন্যূনতম ৭.৫০, এবং এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজিতে ন্যূনতম 'A-' গ্রেড থাকতে হবে। খ) ভর্তি পরীক্ষায় 'A' ইউনিটে শিক্ষার্থীদের ইংরেজিতে ন্যূনতম ১০(দশ), 'B' ইউনিটে ন্যূনতম ১৪ (চৌদ্দ) এবং 'C' ইউনিটে ন্যূনতম ৬ (ছয়) পেতে হবে। ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র ভিত্তিতে মেধাক্রম তৈরি করা হবে। মেধাক্রম একই হলে, ভর্তি পরীক্ষায় ১) ইংরেজি ২) বাংলা (প্রযোজ্য ক্ষেত্রে) ৩) সাধারণ জ্ঞান (প্রযোজ্য ক্ষেত্রে) বিষয়ে অর্জিত নম্বর, এবং ৪) এইচএসসি পরীক্ষায় ইংরেজিতে প্রাপ্ত জিপি ক্রমানুসারে মেধাক্রমের ভিত্তি ধরা হবে।
C	ব্যবসায় শিক্ষা অনুষদ (FBS) বিভাগ: ০৪টি আসন: ১৭০টি	১. অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস (AIS) (৫০) ২. ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং (FB) (৪০) ৩. ম্যানেজমেন্ট (MGT) (৪০) ৪. মার্কেটিং (MKT) (৪০) আসন বন্টন : এইচএসসি পর্যায়ে ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য ৮০%, বিজ্ঞান বিভাগের জন্য ১২%, এবং মানবিক বিভাগের জন্য ০৮% আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, বিজ্ঞান ও মানবিক বিভাগ থেকে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে সে আসন পূরণ করা হবে।	AIS, FB, MGT ও MKT বিভাগের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় হিসাব বিজ্ঞান এবং ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ে ন্যূনতম ১২.৫(বার দশমিক পাঁচ) নম্বর পেতে হবে। ইংরেজি বিষয়ে ন্যূনতম ৫(পাঁচ) নম্বর পেতে হবে। তবে বিজ্ঞান ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের ক্ষেত্রে এ শর্তসমূহ প্রযোজ্য নয়।

* উল্লিখিত ৯২০টি আসন ছাড়াও, মুক্তিযোদ্ধা (FFQ) কোটায় ৫%, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (EMQ) কোটায় ১%, প্রতিবন্ধী (DQ) কোটায় ১% ও পোষ্য (WQ) (যবিপ্রবিতে কর্মরত শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের জন্য) কোটায় ১% আসন সংরক্ষিত থাকবে।

৫। আবেদন করার নিয়মাবলী

- https://admission.just.edu.bd ওয়েবসাইটে GST Username ও Password ব্যবহার করে আবেদন ফরম পূরণ করে প্রতি ইউনিটের জন্য আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা) + Online Transaction ফি প্রদান করতে হবে। আবেদন ফরম পূরণ ও আবেদন ফি প্রদানের সচিত্র নির্দেশনা https://admission.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
- GST ওয়েবসাইটে প্রদানকৃত মোবাইল নম্বরে শিক্ষার্থীর সাথে সকল যোগাযোগ সম্পন্ন হবে। উক্ত মোবাইল নম্বর পরিবর্তন করতে হলে https://gstadmission.ac.bd ওয়েবসাইট থেকে পরিবর্তন করতে হবে।

৬। ফলাফল প্রকাশ, ওরিয়েন্টেশন এবং ক্লাস শুরু

ফলাফল প্রকাশ	https://admission.just.edu.bd ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে
ভর্তি কার্যক্রম শুরু	https://gstadmission.ac.bd ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে
ভর্তি কার্যক্রম সম্পন্ন	
ওরিয়েন্টেশন ও ক্লাস শুরু	০৬/০১/২০২৩

৭। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য https://admission.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া ভর্তি সংক্রান্ত যে কোনো সমস্যার সম্মুখীন হলে admsupport@just.edu.bd মেইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য:

ক) ভর্তি প্রক্রিয়া চলাকালীন এবং ভর্তি পরবর্তী যে কোনো স্তরে অনিয়ম/অযোগ্যতা /দুর্নীতি প্রতীয়মান হলে ভর্তি বাতিল করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম/সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার সংরক্ষণ করেন।
গ) ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।